গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
উপজেলা সমাজসেবা কার্যালয়
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

স্মারক নং-৪১.০১.৪৯৫২.০০০.০১৬.৬১.১৯. ২০৪ তারিখঃ ০১/০৮/২০২৬খ্রিঃ

বিষয়ঃ সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থ বছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইন আবেদন গ্রহণ।

সূত্র ০১ঃ ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪.৫৮৬ তারিখঃ ৩০-০৬-২০২৬ খ্রিঃ
সূত্র ০২ঃ ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০০৬২.২৪.৬৮৩ তারিখঃ ৩০-০৭-২০২৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থ বছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইন আবেদন গ্রহণ করা হবে।

২। পুন:নির্ধারিত নির্দেশনা মোতাবেক ০১ আগষ্ট ২০২৬ হতে ১৫ আগষ্ট ২০২৬ পর্যন্ত অনলাইনে (আবেদনের লিংক: dss.bhata.gov.bd/online-application) আবেদন করা যাবে।

৩। আবেদনকারীগণ নিজ নিজ স্থায়ী ঠিকানায় আবেদন করবেন।

৪। প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে।

৫। আবেদনকারীদের অবশ্যই নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল / ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। ব্যাংক হিসাবের ক্ষেত্রে আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে।

৬। আবেদনকারী অন্য কোন সরকারী সুবিধা নিয়মিত পেয়ে থাকলে এ সুবিধার জন্য বিবেচিত হবেন না।

৭। পূর্বে অনলাইন আবেদন করে থাকলে অথবা অপেক্ষমান তালিকায় থাকলে পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

এমতাবস্থায় কুড়িগ্রাম সদর উপজেলাধীন সংশ্লিষ্ট চেয়ারম্যান মহোদয়কে উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা (ব্যাপক প্রচার প্রচারণা ও মাইকিং) গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০১/০৮/২৬
(মোঃ মশিউর রহমান মন্ডল)
উপজেলা সমাজসেবা অফিসার
কুড়িগ্রাম সদর কুড়িগ্রাম।

প্রাপক,
চেয়ারম্যান
কাঁঠালবাড়ী/হলোখানা/ভোগডাঙ্গা/ঘোগাদহ/বেলগাছা/যাত্রাপুর/পাঁচগাছী/মোগলবাসা
ইউনিয়ন পরিষদ, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

কার্যার্থেঃ জনাব/জনাবা...................................................................................ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক, সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান মহোদয়ের সঙ্গে যোগাযোগ পূর্বক নির্ধারিত তারিখের মধ্যে ব্যাপক প্রচার প্রচারণা ও মাইকিং নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সদয় অবগতির জন্য (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ
০১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুড়িগ্রাম।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
০৪। অফিস কপি।

CamScanner